



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

উপাচার্যের 'বঙ্গবন্ধু, শেখ হাসিনা ও সাম্প্রতিক বাংলাদেশ' গ্রন্থের মোড়ক উন্মোচন
অনুষ্ঠিত



১৭ ফেব্রুয়ারি-২০২০, সোমবার বিকাল ৫টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, বিশিষ্ট শিক্ষাবিদ ও কলামিস্ট অধ্যাপক ড. মীজানুর রহমান রচিত 'বঙ্গবন্ধু, শেখ হাসিনা ও সাম্প্রতিক বাংলাদেশ' নামক গ্রন্থের মোড়ক উন্মোচন 'অমর একুশে গ্রন্থমেলা ২০২০'-এ শহীদ সোহরাওয়ার্দী উদ্যানের মোড়ক উন্মোচন মঞ্চে (লেখকপুঞ্জ মোড়ক উন্মোচন) অনুষ্ঠিত হয়।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ প্রধান অতিথি হিসেবে গ্রন্থটির মোড়ক উন্মোচন করেন। এসময় বিশিষ্ট চিত্রশিল্পী নাজমা আক্তার, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষ্ঠানের ডিন, রেজিস্ট্রার, বিভাগীয় চেয়ারম্যান, শিক্ষক, প্রক্টর, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ নূরে আলম আব্দুল্লাহ, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. শামীমা বেগম, বিভিন্ন দপ্তরের প্রধান এবং কর্মকর্তা, সাংবাদিক প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

মোড়ক উন্মোচন অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তরের পরিচালক অধ্যাপক ড. মিল্টন বিশ্বাস। উল্লেখ্য, গ্রন্থটির প্রকাশক মেরিট ফেয়ার প্রকাশন। অমর একুশে

গ্রন্থমেলায় সোহরাওয়ার্দী উদ্যানের মেরিট ফেয়ার প্রকাশন (স্টল # ৩৯১-৩৯৩, টিএসসি গেইট, সোহরাওয়ার্দী উদ্যান) স্টলে এবং বাংলা একাডেমি প্রাঙ্গণে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের স্টলে (স্টল # ৪৯) পাওয়া যাচ্ছে।

এছাড়াও ড. মীজানুর রহমান রচিত ১৯৯২ সালে বাংলা একাডেমি থেকে প্রকাশিত তাঁর গবেষণাধর্মী গ্রন্থ ‘কৃষিপণ্যের বাজারজাতকরণ’ পাঠকপ্রিয়তা অর্জন করে। পরবর্তীতে তিনি ‘বাজারজাতকরণ’, ‘বাজারজাতকরণ নীতিমালা’, ‘স্নাতক বাজারজাতকরণ’ শীর্ষক আরো তিনটি গ্রন্থ রচনা করেন এবং পাঠকপ্রিয়তার কারণে বাজারজাতকরণ গ্রন্থের একটি সহজ সংস্করণও তিনি তৈরি করেন, যা মার্কেটিং বিভাগের বাইরের পাঠকদের নিকটও অত্যন্ত সমাদৃত। ২০১৭ সালে প্রকাশিত ‘বঙ্গবন্ধু, বাঙালি ও বাংলাদেশ’ গ্রন্থটি পাঠকমহলে আলোড়ন সৃষ্টি করেছে। এছাড়াও ২০১৮ সালে তাঁর ‘মুক্তিযুদ্ধের চেতনা ও উন্নয়ন ভাবনা’ ও ২০১৯ সালে ‘উত্তরগণতন্ত্র ও লিংকনের পিপল’ নামক গ্রন্থ প্রকাশিত হয়।

উল্লেখ্য ‘বঙ্গবন্ধু, শেখ হাসিনা ও সাম্প্রতিক বাংলাদেশ’ গ্রন্থটিতে স্থান পাওয়া প্রবন্ধগুলোর অনেকগুলোই সাম্প্রতিক ঘটনার প্রেক্ষিতে রচিত। এই প্রেক্ষাপট মনে রেখেই প্রবন্ধগুলো সংকলন করা হয়েছে।